

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ : ২৭ আগস্ট, ২০০৮
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- | | |
|--|-----------|
| (১) ক্যাপ্টেন সামসুল আলম, (জি), পিএসসি, বিএন
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) গ্রুপ ক্যাপ্টেন শেখ আব্দুল হান্নান, এফএডব্লিউসি, পিএসসি, জিডি(পি)
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৩) লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) মেজর মোঃ মোমিনুর রহমান মামুন
প্রতিনিধি
কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ
৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) বেগম সালমা সিদ্দিকা মাহতাব
সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস
পরিষদ, লেঃ কর্ণেল মোহঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ
শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।



চলমান পাতা-২

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ : গত ৩০ জুলাই, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত : গত ৩০ জুলাই, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো। এ প্রসঙ্গে অরুণিমা ফিলিং স্টেশন সংলগ্ন স্থানে স্থাপিত সিএনজি স্টেশনের পার্শ্বের বৈদ্যুতিক পোল অপসারণ করে অন্যত্র স্থাপন করার কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-২ : জুলাই, ২০০৮ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : জুলাই, ২০০৮ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। প্রসংগক্রমে আলোচনান্তে ঢাকা সেনানিবাসে লাইসেন্স বিহীন রিক্সা চলাচল রোধকল্পে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে আরো ৫০০টি রিক্সা লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো এবং ভবিষ্যতে লাইসেন্স বিহীন রিক্সা যাতে সেনানিবাস এলাকায় প্রবেশ করতে না পারে সে ব্যাপারে এমপি ইউনিটকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে পত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৩ : জুন ও জুলাই, ২০০৮ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : জুন ও জুলাই, ২০০৮ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ : জুলাই, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : জুলাই, ২০০৮ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী বাজার প্রতি দিন যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-৫ : মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি সংযোগ প্রদানের অনুমতি চেয়ে ইউনাইটেড মাল্টিসিস্টেম নেট কর্তৃক অত্র দপ্তরে আবেদন করা হয়। এ ব্যাপারে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ কর্তৃক ছাড়পত্র প্রদান করা হয় এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১০ আগস্ট, ২০০৮ তারিখের ১৯০০/৬০/ডিজিএফআই/৪ নং পত্রের মাধ্যমে নির্ধারিত শর্ত সাপেক্ষে ছাড়পত্র প্রদান করা হয়। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট কাগজাদিসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে বোর্ডসভার অনুমোদিত নীতিমালা মোতাবেক মিরপুর ডিওএইচএস এলাকায় ইউনাইটেড মাল্টিসিস্টেম নেট-কে ক্যাবল টিভি সংযোগ প্রদানের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ : রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা-২০ নং দোকান হতে র্যাব কর্তৃক গত ০২ জুলাই, ২০০৭ তারিখে একটি অবৈধ অস্ত্র উদ্ধার করা হলে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৪ জুলাই, ২০০৭ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের নির্দেশনা মোতাবেক উক্ত দোকানটি সীলগালা করে বন্ধ করে দেয়া হয়। দোকানের মালিক দোকানটি খুলে দেয়ার জন্য অত্র দপ্তরে আবেদন করলে এ ব্যাপারে আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়। উক্ত দোকানটির বিষয়ে বিজ্ঞ আদালতে একটি মামলা বিচারাধীন থাকা অবস্থায় দোকানটি খুলে না দেয়ার পক্ষে অত্র দপ্তরের আইন উপদেষ্টা মতামত দেন। বিজ্ঞ যুগ্ম মহানগর দায়রা জজ, ২য় আদালত ও মহানগর বিশেষ ট্রাইবুনাল নং-৭ এর ১৫ মে, ২০০৮ তারিখের ১১ নং আদেশের বরাত দিয়ে উক্ত দোকানটি খুলে দেয়ার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, কাফরুল থানা কর্তৃক ১৯ জুলাই, ২০০৮ তারিখের এক পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ জানান। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। পর্যালোচনায় দেখা যায় যে, কোর্টের রায়ে “.....এমতাবস্থায় উক্ত দোকানের প্রকৃত মালিকানার বিষয়ে সঠিক কাগজপত্র যাচাইসহ উক্ত দোকানে যে কেহ ব্যবসা করিলে তাহাতে আদালতের কোন অসুবিধা নাই” মর্মে উল্লেখ রয়েছে। সার্বিক বিবেচনায় সেনানিবাসের আইন-শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ করার দায়ে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পাকা-২০ নং দোকানটি বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৭ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্রুট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	প্রুট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ
(১)	বাড়ী # ২৩ ফ্ল্যাট#২ এবং ১৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হাজী মোঃ ফুল মিয়া বাড়ী # ২৩, রোড # ৪, ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস ২৬/৬/২০০৭	জনাব মোঃ তাজউদ্দিন আহমেদ, পিতা- মরহুম চান্দে আলী বাড়ী#১০/বি, রোড#৫৩, গুলশান মডেল টাউন, গুলশান-২, ঢাকা।	১৩০০/১২০/৫৭/৫/খ তাং- ২৭/৪/২০০৮
(২)	বাড়ী # ২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	বেগম রওশন এরশাদ প্রুট নং-২, ক্যান্টনমেন্ট বোর্ড সার্ভে নং-৪০-পি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২৬/৫/২০০৮ ইং	জনাব মোঃ শরীফ চৌধুরী ও জনাব মোঃ নাদিম চৌধুরী, সর্বপিতা- আঃ গাফফার চৌধুরী, শান্তলীনা এ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট#৪-এ, বি, বাড়ী#৬৬/এ, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	নং-১৩০০/১২০/৫৭/৫ তাং- ০৭/৮/২০০৮

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্রমিক নং	প্রুট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতার নাম ও ঠিকানা	গৃহীত সিদ্ধান্ত
(১)	বাড়ী # ২৩ ফ্ল্যাট#২ এবং ১৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হাজী মোঃ ফুল মিয়া বাড়ী # ২৩, রোড # ৪, ক্যান্টনমেন্ট বা/এ ঢাকা সেনানিবাস ২৬/৬/২০০৭	জনাব মোঃ তাজউদ্দিন আহমেদ, পিতা- মরহুম চান্দে আলী বাড়ী#১০/বি, রোড#৫৩, গুলশান মডেল টাউন, গুলশান-২, ঢাকা।	বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিজ্ঞেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্ষেতার নাম ও ঠিকানা	গৃহীত সিদ্ধান্ত
(২)	বাড়ী # ২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	বেগম রওশন এরশাদ প্লট নং-২, ক্যান্টনমেন্ট বোর্ড সার্ভে নং-৪০-পি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২৬/৫/২০০৮ ইং	জনাব মোঃ শরীফ চৌধুরী ও জনাব মোঃ নাসিম চৌধুরী, সর্বপিতা- আঃ গাফফার চৌধুরী, শান্তলীনা এ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট#৪-এ, বি, বাড়ী#৬৬/এ, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিতকরণ সাপেক্ষে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

অনুলিপি-৮ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
(১)	প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ৬০২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মাহমুদ ইবনে আকাস প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ৬০২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস।	১৩০০/১২০/৫৭/৫ তাং- ১১/৭/২০০৪	নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৬৯/ফ্ল্যাট নং-৬০২/০৭ তাং- ১৬/৪/২০০৫	রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে
(২)	প্লট #১/বি ফ্ল্যাট # ৬/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	লেঃ কর্ণেল মোঃ শামসুল আলম চৌধুরী ঢাকা সেনানিবাস।	১৩০০/৩০/১০/নিরাপত্তা তাং- ২৭/১০/২০০৫	নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/১/বি/ফ্ল্যাট নং-৬/বি/১২ তাং- ৩১/১০/২০০৫	রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে
(৩)	প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ২০১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সানজিদা রশিদ স্বামী- জনাব সফিউর রশিদ প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ২০১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস।	-	-	রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে
(৪)	প্লট #১৯/এ, রোড #৩ ফ্ল্যাট # ১/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সুলতানা আফরোজ স্বামী- জনাব ফয়জুর রহমান প্লট #১৯/এ, রোড #৩ ফ্ল্যাট # ১/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	১৩০০/৩০/১০/নিরাপত্তা তাং-২৩/১০/২০০১ ইং	নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/১৯/এ/ফ্ল্যাট নং-১/এ/৬ তাং- ১৯/৬/২০০৪	রেজিস্ট্রি দলিলমূলে ক্রয়সূত্রে
(৫)	প্লট #২৩/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	অধ্যাপক ডাঃ হাসিব মোহাম্মদ আহসান ২৩/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	--	--	উত্তরাধিকারসূত্রে

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারী/ক্ষেতার নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	গৃহীত সিদ্ধান্ত
(১)	প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ৬০২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মাহমুদ ইবনে আকাস প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ৬০২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস।	রেজিস্ট্রি দলিলমূলে ক্ষেতার নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।
(২)	প্লট #১/বি ফ্ল্যাট # ৬/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	লেঃ কর্ণেল মোঃ শামসুল আলম চৌধুরী ঢাকা সেনানিবাস।	অননুমোদিত নির্মাণ নিয়মিতকরণ/ অপসারণ সাপেক্ষে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারী/ক্রেতার নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	গৃহীত সিদ্ধান্ত
(৩)	প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ২০১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সানজিদা রশিদ স্বামী- জনাব সফিউর রশিদ প্লট #৬৯, রোড #৭ ফ্ল্যাট # ২০১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস।	রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে দান করায় গ্রহীতার নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।
(৪)	প্লট #১৯/এ, রোড #৩ ফ্ল্যাট # ১/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সুলতানা আফরোজ স্বামী- জনাব ফয়জুর রহমান প্লট #১৯/এ, রোড #৩ ফ্ল্যাট # ১/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস।	অননুমোদিত নির্মাণ নিয়মিতকরণ/ অপসারণ সাপেক্ষে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।
(৫)	প্লট #২৩/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	অধ্যাপক ডাঃ হাসিব মোহাম্মদ আহসান ২৩/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	অননুমোদিত নির্মাণ নিয়মিতকরণ/ অপসারণ সাপেক্ষে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর সি-১ ফ্ল্যাটটি প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে (১) কর্ণেল মোঃ আওলাদ হোসেন, পিতা- মোঃ জনাব আলী এবং (২) মিসেস সেতারা হোসেন, স্বামী- কর্ণেল মোঃ আওলাদ হোসেন এর নামে যৌথভাবে বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০(২) এর মাধ্যমে অনুমোদন প্রদান করা হয়। গত ১৮ আগস্ট, ২০০৮ তারিখে উক্ত ফ্ল্যাটের প্রস্তাবিত ক্রেতাগণের মধ্যে কর্ণেল (অবঃ) মোঃ আওলাদ হোসেন, পিতা- মোঃ জনাব আলী সংশ্লিষ্ট ফ্ল্যাট যৌথ নামের পরিবর্তে শুধু মাত্র তাঁর নিজের নামে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের জন্য আবেদন করেন এবং তৎসঙ্গে তাঁর স্ত্রী মিসেস সেতারা হোসেন এর অনাপত্তিপত্রও সংযুক্ত করেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর সি-১ ফ্ল্যাটটি কর্ণেল (অবঃ) মোঃ আওলাদ হোসেন, পিতা- মোঃ জনাব আলীর নামে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসঙ্গে গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০(২) এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তটি এতদ্বারা বাতিল করা হলো।

আলোচ্যসূচী-১০ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট বিশিষ্ট ৩০(ত্রিশ) বছর মেয়াদী ৯৫ ও ১০৯ নং প্লটের মেয়াদোত্তীর্ণের প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্লট দুটির ইজারা গ্রহীতা/মালিক পরবর্তী মেয়াদে ইজারা নবায়নের জন্য আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথি দুটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট বিশিষ্ট ৩০(ত্রিশ) বছর মেয়াদী ৯৫ ও ১০৯ নং শপ প্লট দুটির মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী মেয়াদে ইজারার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।



চলমান পাতা-৬

আলোচ্যসূচী-১১ : ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা-২০০৭ এর ধারা ৫০(ছ) এর আদলে সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এর সেট ব্যাক এর ক্ষেত্রে প্রয়োজনীয় সংযোজন/সংশোধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ (সংশোধিত, ১৯৯৯)-তে ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালার ধারা ৫০ এর নিম্নবর্ণিত উপ-ধারা (ছ), (ঝ) ও (ঠ) সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হলো :-

“(ছ) প্রকৃতি হইতে সুরক্ষার জন্য সানসেড বা ছাদের বর্ধিতাংশসমূহ ইমারতের সীমারেখা হইতে সেটব্যাক এর মধ্যে সর্বোচ্চ ০.৫ মিটার পর্যন্ত বর্ধিত করা যাইবে; কিন্তু কোনরূপ বেটন দিয়া ঘেরা করা যাইবে না; বারান্দ বা ব্যালকনি হিসাবে ব্যবহৃত হইতে পারিবে না; রক্ষণাবেক্ষণ ব্যতীত অন্য কোন কারণে প্রবেশযোগ্য হইবে না; এবং পার্শ্বে ও পশ্চাতে সেটব্যাক ১.২৫ মিটার এর কম হইলে উক্ত বর্ধিতাংশ ০.৩ মিটার এর মধ্যে সীমাবদ্ধ রাখিতে হইবে;

(ঝ) ইমারতের কোন তলে উহার বহিঃদেওয়ালের বাহিরে সেটব্যাক বা আবশ্যিক অনাচ্ছাদিত স্থানের মধ্যে স্টোর, ডাক্ট (Duct) অথবা এই ধরনের ব্যবহার সম্বলিত কোন প্রকার বাস্তব বর্ধিতাংশ অনুমোদিত হইবে না।

(ঠ) মেঝের পরিমাণ বাড়ানোর উদ্দেশ্যে বিভিন্ন বর্ধিতাংশ কোনভাবেই ব্যবহার করা যাইবে না।”

তবে এ সংযোজন মিরপুর ডিওএইচএস এবং নতুন আবাসিক এলাকার জন্য প্রযোজ্য হবে।

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১২ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক শাখায় মাস্টার রোলে নিয়োজিত ০১(এক) জন ইলেক্ট্রিক লাইনম্যান হেলপার এর দৈনিক মজুরী ১০০/- (একশত) টাকা থেকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকায় বৃদ্ধি করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক শাখায় মাস্টার রোলে নিয়োজিত ০১(এক) জন ইলেক্ট্রিক লাইনম্যান হেলপার এর দৈনিক মজুরী ১০০/- (একশত) টাকা থেকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকায় বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	সিএসও-২ কাজী নিগার সুলতানা	৪৯৭	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ
(২)	বিএ-১৭৮২ লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ এহমার হোসেন	৩৫১	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীণ পরিবর্তন)
(৩)	পি নং-২২৯ কমান্ডার এম এফ ইউ আহমেদ	২২২	মিরপুর ডিওএইচএস	০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
	পি নং-২২১ ক্যাপ্টেন খন্দকার তৌফিকুজ্জামান, (সি) বিএন	২২৪		
(৪)	বিএসএস-১৫১৭ মেজর মোঃ লোকমান (অবঃ)	৩৫০	মিরপুর ডিওএইচএস	০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৫)	বিএসএস-১৫১৮ মেজর এ কে এম আজাদ হোসেন (অবঃ)	৩৫২		
(৬)	বিএ-১৫৮৭ ব্রিগেঃ জেনাঃ জন গোমেজ, পিএসসি (অবঃ)	১২৩	মিরপুর ডিওএইচএস	০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ।
(৭)	বিএসএস-১৩৭৫ মেজর এ বি এম হুমায়ুন কবির (অবঃ)	১২৪		
(৮)	পি নং- ১১৬ লেঃ কমান্ডার মোঃ আব্দুল মোতালেব, বিএন	৩২৭	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ
(৯)	বিএ-১৫৮৯ কর্ণেল শেখ মোহাম্মদ মাহমুদুল ইসলাম,পিএসসি	৬২৩	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ
(১০)	বিএ-১৮৭৬ লেঃ কর্ণেল শাহ আতাউর রহমান, আরডিএসসি	৭২৯	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণ

চলমান পাতা-৭

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১১)	বিএসএস-লেঃ কর্ণেল (অবঃ) কাদেরুজ্জামান	২৪৫	মিরপুর	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
	বিএসএস-১৭৭১ লেঃ কর্ণেল মোঃ মাহফুজ হোসেন (অবঃ)	২৯৮	ডিওএইচএস	
(১২)	বিএসএস-৫১৯ লেঃ কর্ণেল রাজিউদ্দিন খান, পিএসসি (অবঃ)	৩৪৭	মহাখালী	সংশোধিত ০৬(ছয়) তলা (তিন তলা পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ)
			ডিওএইচএস	
(১৩)	বিএ-১০০১৩১ ব্রিগেঃ জেনাঃ সৈয়দ আহসান করিম (অবঃ)	২০০	বারিধারা	সংশোধিত ০৬(ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ)
			ডিওএইচএস	
(১৪)	বেগম সুলতানা জামান	হোল্ডিং নং-২৭৯/১	মৌজা- লালাসরাই, সিএস প্লট নং-১২৮ (অংশ)	সংশোধিত নকশা (১ম তলার উপর ২য় তলা নির্মাণ)।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে উপস্থাপিত ১৪ (চৌদ্দ)টি নকশা কারিগরীভাবে সঠিক থাকায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-১৪ : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী ডিওএইচএস এলাকার সিএস-৪৩, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং প্লটে ০২(দুই)টি বেসমেন্ট ফ্লোরসহ রাওয়া ক্লাবের ১২(বার) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে রাওয়া ক্লাবের সেক্রেটারী জেনারেল এর ১৮ আগস্ট, ২০০৮ তারিখের RAOWA/RC/7-01/2008 নং পত্র ও নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে এ বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণ সাপেক্ষে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	মন্তব্য
(১)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার পুরানো ৬' মেইন ডিস্ট্রিবিউশন পাইপের লাইনের বিভিন্ন জায়গায় ছিদ্র হওয়ায় ১ নং পাইপের পাম্পের প্রায় ২০ বছর পুরানো ৬' জিআই পাইপ পরিবর্তন করে নতুন জিআই পাইপ সংযোজন কাজ।	৫৭,৯২৫/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(২)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/এ (দোতলা) এবং গ্যারেজ মেরামত, সংস্কার ও রংকরণ কাজ (আবেদন সংযুক্ত)।	১,৯৪,০৫০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৩)	ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনে এ্যাক্রিলিক প্লাস্টিকের নাম ফলক (ক্যান্টনমেন্ট বোর্ড) সরবরাহ ও স্থাপন (রয়েল প্র্যাগ ও অন্যান্য ফিটিংসসহ)।	৪৬,৮০০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৪)	সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মূল গেটে পিতলের নাম ফলক লিখন ও উক্ত স্থানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোপ্রাম সরবরাহ ও স্থাপন।	৫৮,৫০০/- টাকা	অনুদান।
(৫)	ক্যান্টনমেন্ট বোর্ডের নীচতলার টয়লেট মেরামত ও সংস্কার কাজ।	৬৪,৭৭৬/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৬)	বাংলাদেশ সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল এর ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পরিদর্শন উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বিভিন্ন কক্ষের মেরামত ও রং চূনার কাজসহ স্যানিটারী ফিটিংস সরবরাহ ও পুনঃস্থাপন কাজ।	৬৯,৫০০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৭)	স্বাধীনতা সরণির বনানী এমপি চেক পোস্টের সম্মুখের রাস্তায় পটহোল মেরামত ও কার্পেটিং কাজ।	৯৫,৭০৪/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।

চলমান পাতা-৮

২১

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	মন্তব্য
(৮)	স্বাধীনতা সরণি ও শহীদ সরণিতে অতি বৃষ্টির কারণে সৃষ্ট গর্ত মেরামত ও কার্পেটিং কাজ।	১,৯৭,৪৭৫/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৯)	ঢাকা সেনানিবাস কবরস্থানে গাড়ি পার্কিং এর জন্য ২০ সে. মি. পুরো ইটের সলিং করণ কাজ।	২,৪৮,৪৯৮/- টাকা	অনুদান।
(১০)	বনানী-মহাখালী ডিওএইচএস সংযোগ সড়কের উত্তর মাথায় নষ্ট হয়ে যাওয়া ১৮২'-০" রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ (১১২'-০" × ৯'-০" রিস্তা পার্কিংসহ)।	৩,৪০,৪১১/- টাকা	অনুদান

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে উপস্থাপিত ১০(দশ)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৫, ৬, ৭ ও ৮ এ উল্লেখিত প্রকল্পসমূহের দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ এবং ক্রমিক নং- ৪, ৯ ও ১০ এ উল্লেখিত প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	মন্তব্য
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার ২৮ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ।	১৩,৯৬,৫৯৬/- টাকা	মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন	১১,৬৮,৫৩২/- টাকা	অনুদান
(২)	রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য ৬টি সাউন্ড বক্স ও ৪০০ ওয়াটের একটি এমপ্লিফায়ার সরবরাহ কাজ।	৬০,০০০/- টাকা (বাজার দর)	মেসার্স রহমান ট্রেডার্স	৬৪,৭০০/- টাকা	রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৩)	মুসলিম মডার্ণ একাডেমীর অবৈধ অনুপ্রবেশ বন্ধসহ নিরাপত্তা জনিত কারণে উত্তর পশ্চিম ও দক্ষিণ দিকের দেয়ালের উচ্চতা বৃদ্ধিসহ এয়াল্ডেল ও কাঁটা তারের বেড়া স্থাপন।	২,১৫,৬২৫/- টাকা	মেসার্স এস এস এন্টারপ্রাইজ	২,৫৮,৯১৫/৬৬ টাকা	অনুদান
(৪)	ঢাকা সেনানিবাসস্থ ০৪(চার)টি শিশু পার্ক মেরামত কাজ।	৮৫,০০০/- টাকা	মেসার্স মনির এন্ড কোং	৯৫,৮১০/৫৮ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।
(৫)	শহীদ বদিউজ্জামান রোডের মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে নতুন রাস্তার জন্য ইলেক্ট্রিক পোল স্থাপনসহ সংশ্লিষ্ট রাস্তায় বিদ্যুতায়ন কাজ।	১,২৭,২০৫/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	১,৫৭,১৪৩/৩৬ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে TEC (Tender Evaluation Committee) কর্তৃক মূল্যায়নকৃত দর মোতাবেক উল্লেখিত প্রকল্পগুলোর দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	কাজের বিবরণ	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	অনুমোদিত দর
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার ২৮ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ।	মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন	১১,৬৮,৫৩২/- টাকা
(২)	রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য ৬টি সাউন্ড বক্স ও ৪০০ ওয়াটের একটি এমপ্লিফায়ার সরবরাহ কাজ।	মেসার্স রহমান ট্রেডার্স	৬৪,৭০০/- টাকা
(৩)	মুসলিম মডার্ণ একাডেমীর অবৈধ অনুপ্রবেশ বন্ধসহ নিরাপত্তা জনিত কারণে উত্তর পশ্চিম ও দক্ষিণ দিকের দেয়ালের উচ্চতা বৃদ্ধিসহ এয়াল্ডেল ও কাঁটা তারের বেড়া স্থাপন।	মেসার্স এস এস এন্টারপ্রাইজ	২,৫৮,৯১৫/৬৬ টাকা

চলমান পাতা-৯

ক্রমিক নং	কাজের বিবরণ	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	অনুমোদিত দর
(৪)	ঢাকা সেনানিবাসস্থ ০৪(চার)টি শিশু পার্ক মেরামত কাজ।	মেসার্স মনির এন্ড কোং	৯৫,৮১০/৫৮ টাকা
(৫)	শহীদ বদিউজ্জামান রোডের মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বে নতুন রাস্তার জন্য ইলেক্ট্রিক পোল স্থাপনসহ সংশ্লিষ্ট রাস্তায় বিদ্যুতায়ন কাজ।	মেসার্স আমিন ব্রাদার্স	১,৫৭,১৪৩/৩৬ টাকা

ক্রমিক নং-২, ৪ ও ৫-এ উল্লেখিত প্রকল্পসমূহের বিপরীতে কার্যাদেশ প্রদানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক এবং ক্রমিক নং-১ ও ৩ এ উল্লেখিত দরটি চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কাগজাদি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো। আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পটির জন্য পুনঃদরপত্র আহ্বান করার পরও সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক বাজার দরের চেয়ে অনেক নিম্নে দর প্রদান করা হয়েছে। ডিওএইচএস পরিষদ এর পক্ষ হতে উক্ত কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার তাগিদ থাকায় প্রদত্ত দরে প্রকল্পের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে প্রকল্পের কাজ কঠোর তদারকির মাধ্যমে বুঝে নিতে হবে।

আলোচ্যসূচী-১৭ : গত ৭ ও ১০ জুলাই, ২০০৮ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন কালে মাননীয় কিউএমজি মহোদয় ০৪(চার) টি বিদ্যালয়ের টয়লেটে টাইলস স্থাপনের নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক ০৪(চার)টি বিদ্যালয়ের টয়লেটে টাইলস স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে টাইলস স্থাপনের মূল্যানুমান সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, আদর্শ বিদ্যালয়নিকেতন, মানিকদী, সেনাপল্লী হাই স্কুল, মুসলিম মডার্ণ একাডেমী ও রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলায় টয়লেটসমূহে টাইলসসহ অন্যান্য স্বাস্থ্য সম্মত ফিটিংস স্থাপনের নিমিত্তে নিম্নবর্ণিতভাবে মূল্যানুমান অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	কাজের বিবরণ	মোট টাকা
১।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ।	২,১০,০০০.০০
২।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল (১৩টি টয়লেট)।	১,৯৭,৩৪০.০০
৩।	আদর্শ বিদ্যালয়নিকেতন, মানিকদী (১৬টি টয়লেট ও ৪টি ইউরিনাল)।	২,৮১,২২৯.০০
৪।	মুসলিম মডার্ণ একাডেমী (৯টি টয়লেট ও ৬টি ইউরিনাল ওয়াশিং স্পেসসহ)।	৪,২৫,৫৪৯.০০
৫।	সেনাপল্লী হাই স্কুল (১১টি টয়লেট ও ৩টি ইউরিনাল)।	৩,৩৯,৮৪৪.০০
৬।	রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলা।	৫০,০০০.০০

চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ : রজনীগন্ধা সুপার মার্কেটের জামে মসজিদে পবিত্র রমজান মাসে বিদ্যুৎ না থাকা কালীন সুষ্ঠুভাবে তারাবীর নামাজ আদায়ের জন্য ছদকায়ে জারিয়া হিসেবে নিঃশর্তভাবে একটি জেনারেটর দান হিসেবে গ্রহণ করার বিষয়ে আলোচনা সিদ্ধান্ত। এ প্রসঙ্গে আবেদনপত্র খানা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের জামে মসজিদে ছদকায়ে জারিয়া হিসেবে নিঃশর্তভাবে একটি জেনারেটর দান হিসেবে গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত জেনারেটরের জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয় দান বাস্তবের অর্থেই সংকুলান করতে হবে।



চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৯ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত

হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারী ফার্মের নাম
(১)	সেনাসদর প্রবেশ ও বাহির গেইটে ম্যানুয়াল ট্রাফিক পয়েন্ট ও সিগন্যাল লাইট স্থাপনকরণ কাজ।	৮৯,২৭৬/- টাকা	হোম আর্কিটেক্ট (প্রাঃ) লিঃ
(২)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ২য় ধাপের দক্ষিণ পার্শ্বের সীমানা দেয়াল নির্মাণ।	১,৫৭,০৯২/- টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ
(৩)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৫৮৯ হতে পূর্ব দিকে প্লট নং-৬১৫ পর্যন্ত)।	২,৯৪,৬৪২/১০ টাকা	মেসার্স দি মুন এন্টারপ্রাইজ
(৪)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (স্কুল কমপ্লেক্স এর পশ্চিম কর্ণার হতে পূর্ব দিকে প্লট নং-৫৮৯ পর্যন্ত)।	২,৯৫,০৩০/৪০ টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স
(৫)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৫৮৯ হতে পূর্ব দিকে প্লট নং-৬১৫ পর্যন্ত)।	২,৯৪,৬৪২/১০ টাকা	মেসার্স দি মুন এন্টারপ্রাইজ
(৬)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (স্কুল কমপ্লেক্স এর পশ্চিম কর্ণার হতে পূর্ব দিকে প্লট নং-৫৮৯ পর্যন্ত)।	২,৯৫,০৩০/৪০ টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স
(৭)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৬০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৩৯২ হতে প্লট নং-৪৪০ পর্যন্ত)।	২,৪৯,১৮০/৪৭ টাকা	মেসার্স এম আর এন্টারপ্রাইজ
(৮)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৪৭০ হতে প্লট নং-৬০৩ পর্যন্ত)।	২,৩৪,০৯৩/২০ টাকা	মেসার্স সেভেন স্টার ইলেক্ট্রনিক্স
(৯)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ।	৩,১০,৪৬০/০৩ টাকা	মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন
(১০)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-১২ এর প্লট নং-৫২৪ হতে প্লট নং-৭৩৭ পর্যন্ত)।	২,০১,৫২৬/৪০ টাকা	মেসার্স বিল্ডার্স করপোরেশন
(১১)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৪৯৬ হতে প্লট নং-৬২৮ পর্যন্ত)।	১,৩৬,৮৪৫/৮০ টাকা	মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ার্স
(১২)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৬৮২ হতে উত্তর দিকে প্লট নং-৭৬৩ পর্যন্ত)।	৫৭,১৫৯/৫৮ টাকা	মেসার্স হাবিব ট্রেডিং
(১৩)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-১৭ ও ১২ এর প্লট নং-৬১৭ হতে প্লট নং-৬৫৫ পর্যন্ত)।	২,১৩,৭৭০/০৫ টাকা	মেসার্স প্রিন্স এন্ড ব্রাদার্স
(১৪)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩৪'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং- ২৬ ও ৩২ এর প্লট নং- ৬৫৭ হতে উত্তর দিকে প্লট নং-৬৯৭ পর্যন্ত)।	২,৪৪,৪২১/৯০ টাকা	মেসার্স এ কে কনস্ট্রাকশন
(১৫)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৬২৮ হতে প্লট নং-৭৭৮ পর্যন্ত)।	৮৬,৮৭০/৩০ টাকা	মেসার্স খান ট্রেডার্স
(১৬)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-১৮ ও ২৩ এর প্লট নং- ৬৯৯ হতে উত্তর দিকে প্লট নং-৭৩৭ পর্যন্ত)।	১,৮৫,০২৫/৪০ টাকা	মেসার্স মিলন এন্টারপ্রাইজ
(১৭)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৩০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (প্লট নং-৪৫৮ হতে প্লট নং-৪৯১ পর্যন্ত লেক সংলগ্ন)।	১,০২,৩১৫/৬০ টাকা	মেসার্স এম এস বিজনেস এন্ড কন্সট্রাক্ট
(১৮)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-৩১ এর প্লট নং-৫৯২ হতে প্লট নং-৬১৬ পর্যন্ত)।	১,৮৭,২২৪/৩০ টাকা	মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স
(১৯)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ৪০'-০" চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-৩০ এর প্লট নং-৫২৬ হতে প্লট নং-৫৫৪ পর্যন্ত)।	২,২০,৭৮৬/৭০ টাকা	মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল

চলমান পাতা-১১

ক্রমিক নং	কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারী ফার্মের নাম
(২০)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে ২০ - ০' চওড়া ইটের সলিং রাস্তা নির্মাণ (রোড নং-২৮ ও ২৯)।	১,৩৩,৪৬৯/১০ টাকা	মেসার্স রনি এন্টারপ্রাইজ
(২১)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ২য় ধাপের রোড সাইন বোর্ড (রাস্তার নাম ফলক) স্থাপন কাজ।	১৫,০০৭/৪০ টাকা	মেসার্স মনির এন্ড কোং
(২২)	বারিধারা ডিওএইচএস এলাকার ২, ৩, ৭, ৮, ৯/সি ও ১০ নং লেনে পিভিসি পাইপ স্থাপন ও ম্যানহোল নির্মাণ কাজ।	৪,২৫৫/- টাকা	মেসার্স দিলদার এন্টারপ্রাইজ
(২৩)	বারিধারা ডিওএইচএস এলাকার প্রধান সড়কের ৬টি ও ইস্টার্ন রোডে ২টি স্পীড ব্রেকার নির্মাণ কাজ।	৪,১৬৬/- টাকা	মেসার্স মনির এন্ড কোং
(২৪)	মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাকের গার্ডদের জন্য আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ।	১৫,২৯৪/- টাকা	মেসার্স রহমান ট্রেডার্স
(২৫)	মহাখালী ডিওএইচএস এলাকার পূর্ব-উত্তর কর্ণারে বনানী-মহাখালী সংযোগ সড়কের পূর্ব পার্শ্বে একটি বৃহদাকার ডাস্টবিন নির্মাণ।	১০,৪৪৬/- টাকা	মেসার্স হাবিব ট্রেডিং

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বাহর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারী/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ নং গাড়ী মহাখালী, বনানী ও বিএটিসি এলাকা হতে ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত। উক্ত ট্রাকটির ইঞ্জিন, বডি ও চেসিস মেরামতের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২০ আগস্ট, ২০০৮ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে এম হানিফ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ৬১/১ বিসিসি রোড, র্যাংকিন স্ট্রীট, ওয়ারী, ঢাকা-১২০৩ কর্তৃক প্রদত্ত ১,৯০,৬২০/- (এক লক্ষ নব্বই হাজার ছয়শত বিশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, গাড়ী মেরামতের উক্ত ব্যয় বিএটিসি খাত হতে সংকুলান করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ নং ট্রাকটির ইঞ্জিন, বডি ও চেসিস মেরামতের নিমিত্তে এম হানিফ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ৬১/১ বিসিসি রোড, র্যাংকিন স্ট্রীট, ওয়ারী, ঢাকা-১২০৩ কর্তৃক প্রদত্ত ১,৯০,৬২০/- (এক লক্ষ নব্বই হাজার ছয়শত বিশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বিএটিসি খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২১ : বারিধারা ডিওএইচএস এলাকার সকল বাসা বাড়ী হতে ভ্যান গাড়ী দ্বারা ময়লা আবর্জনা সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে রাখা হয় এবং কঞ্জারভেন্সী ট্রাক দ্বারা উক্ত ময়লা/আবর্জনা অপসারণ করা হয়। উক্ত স্থানে কোন ডাস্টবিন না থাকায় ময়লা/ আবর্জনা ছড়িয়ে ছিটিয়ে নোংরা পরিবেশ সৃষ্টি করে। তাই উক্ত স্থানে একটি ডাস্টবিন তৈরী করার জন্য বারিধারা ডিওএইচএস পরিষদ এর ২৩ জুলাই, ২০০৮ তারিখের ডিওএইচএস-বা/১১০/এ্যাডমিন/১ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ডাস্টবিন নির্মাণের স্থান নির্ধারণের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো :-

- (১) লেঃ কর্নেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- আহ্বায়ক।
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড
৩৪৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস।
- (২) প্রতিনিধি -- সদস্য।
ডিওএইচএস বারিধারা পরিষদ, ঢাকা সেনানিবাস।

চলমান পাতা-১২

(২) সহকারী প্রকৌশলী (সিভিল)
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

-- সদস্য।

উক্ত কমিটি ডাস্টবিন নির্মাণের সম্ভাব্য স্থান নির্ধারণ করতঃ তাদের সুপারিশ আগামী বোর্ডসভায় উপস্থাপনের নিমিত্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বরাবর পেশ করবেন।

আলোচ্যসূচী-২২ : গত ৩০ জুলাই, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ২৬০০ লুম্পস এর একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ৯৬' X ৯৬' সাইজের ক্রীন ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১৯ আগস্ট, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স মনির এন্ড কোং, সিবি-১৫২, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ১,২৬,৬০০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ২৬০০ লুম্পস এর একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ৯৬' X ৯৬' সাইজের ক্রীন সরবরাহের নিমিত্তে মেসার্স মনির এন্ড কোং, সিবি-১৫২, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ১,২৬,৬০০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দরটি TEC এর মূল্যায়নক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে সহকারী প্রকৌশলীর ২টি পদের বিপরীতে “প্রতিষ্ঠানিক বিভাগের পরিবর্তনের নিমিত্তে প্রস্তাবিত বিবরণ” (প্রপোজিশন স্টেটমেন্ট) প্রেরণের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ জুলাই, ২০০৮ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪/২০০৭-০৮/শা-৮/৩৭৪ নং পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ জুলাই, ২০০৮ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪/২০০৭-০৮/শা-৮/৩৭৪ নং পত্রটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। গত ২৬ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৯বিবিধ(১২) এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৪(চার)টি সহকারী প্রকৌশলীর পদের মধ্য হতে ০২(দুই)টি পদ বিলুপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক অত্র বোর্ড হতে ০২(দুই)টি সহকারী প্রকৌশলী পদের বিপরীতে “প্রতিষ্ঠানিক বিভাগের পরিবর্তনের নিমিত্তে প্রস্তাবিত বিবরণ” (প্রপোজিশন স্টেটমেন্ট) প্রেরণ না করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ০২(দুই) জন উপ-সহকারী প্রকৌশলী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নিয়োগ/পদায়ন না করা পর্যন্ত বর্তমান দায়িত্বে নিয়োজিত ২ জন সহকারী প্রকৌশলীকে অন্যত্র বদলী না করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ : ঢাকা সেনানিবাস ঘোষিত এলাকার (Chaptered Area) নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট এর ঘোষিত এলাকার (Chaptered Area) কোন গেজেট এবং নকশা না থাকায় বিল্ডিং প্ল্যান অনুমোদনে অনেক সমস্যা দেখা দিয়েছে। এ জন্য জরুরী ভিত্তিতে ঘোষিত এলাকার গেজেট এবং তদানুযায়ী নকশা সরবরাহ করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস-কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ : ঢাকা সেনানিবাস এলাকা পূর্বের তুলনায় বহুগুণে বর্ধিত হওয়ার কারণে কঙ্জারভেলী কাজও বহুগুণে বৃদ্ধি পেয়েছে। তাই সুষ্ঠু ও সুন্দরভাবে ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য ০২(দুই)টি নতুন ট্রাক ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ০২(দুই)টি নতুন ট্রাক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-১৩

আলোচ্যসূচী-২৬ : আসন্ন শীত মৌসুমে ঢাকা সেনানিবাস এলাকার সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে কুষ্টিয়া সীড স্টোর, ১১/এ, মেইন রোড, ৩/৭, মিরপুর, ঢাকা-১২২১ কর্তৃক প্রদত্ত মূল্য তালিকাটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রদত্ত দর নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো এবং সশস্ত্র বাহিনী দিবস এবং ২১ ফেব্রুয়ারির জন্য পৃথকভাবে বীজ সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্রমিক নং	বীজের নাম	একক দর
১।	ইনকা গাদা (ইউএসএ)	৪,৫০০/- টাকা
২।	সালভিয়া (হল্যান্ড)	২,৮০০/- টাকা
৩।	জাম্বু গাদা (হল্যান্ড)	৩,০০০/- টাকা
৪।	ডায়ানথাস (হল্যান্ড)	৭,০০০/- টাকা
৫।	এষ্টার (ইউএসএ)	১,৩০০/- টাকা
৬।	পিটুরিয়া (ইউএসএ)	১,৮০০/- টাকা
৭।	লুপিন (ইউএসএ)	২,০০০/- টাকা
৮।	ইন্টারহিনাম	২,০০০/- টাকা

আলোচ্যসূচী-২৭ : রমজান মাসে জুম্মার নামাজের সময় ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় মসজিদের সামনে প্যাভেল এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদে ঈদের সম্মুখস্থ ঈদগাহ মাঠে কার্পেট, সাদা চাদর, ২টি গেইট ও মিম্বার তৈরীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে পবিত্র রমজান মাসে জুম্মার নামাজের সময় ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় মসজিদের সামনে প্যাভেল এবং পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদে ঈদের সম্মুখস্থ ঈদগাহ মাঠে কার্পেট, সাদা চাদর, ২টি গেইট ও মিম্বার তৈরীর নিমিত্তে দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ : ঢাকা সেনানিবাসস্থ সেনাভবনের চাহিদা মোতাবেক সবুজ ঘাসের লনের জন্য ০৮(আট) ট্রাক সিলেট বালু ও ১০০'-০" প্লাস্টিক পাইপ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৯ আগস্ট, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ, মিরপুর-১৪, বি, টিনসেড কলোনী, রোড নং-৮, বাসা নং-১৪, ঢাকা-১২০৬ কর্তৃক ৪৫,৬০০/- (পঁয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে সেনানিবাসস্থ সেনাভবনের চাহিদা মোতাবেক সবুজ ঘাসের লনের জন্য ০৮(আট) ট্রাক সিলেট বালু ও ১০০'-০" প্লাস্টিক পাইপ সরবরাহের নিমিত্তে মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ, মিরপুর-১৪, বি, টিনসেড কলোনী, রোড নং-৮, বাসা নং-১৪, ঢাকা-১২০৬ কর্তৃক দাখিলকৃত ৪৫,৬০০/- (পঁয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১৪

আলোচ্যসূচী-২৯ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে ০৫ আগস্ট, ২০০৮ তারিখ পর্যন্ত ২০(বিশ)টি আবেদনপত্র জমা হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির প্রাপ্ত আবেদনপত্রসমূহের মধ্যে যোগ্যতাসম্পন্নদের তালিকা আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ : আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে রোড মার্কিংসহ ঢাকা সেনানিবাসস্থ অন্যান্য স্থানের রং-চুনা কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে আসন্ন সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে রোড মার্কিংসহ ঢাকা সেনানিবাসস্থ অন্যান্য স্থানের রং-চুনা কাজের নিমিত্তে নিম্নবর্ণিতভাবে মূল্যানুমান অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিভিল অব রেইটস, ২০০৭ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(১)	শহীদ সরণি শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক সুইচ বোর্ড পেইন্টিংকরণ।	৫৪,৮৫৫/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(২)	শহীদ সরণি শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে সিগন্যাল গেইট পর্যন্ত নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ।	৫৭,৬০৩/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৩)	শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/চুনকামকরণ।	১,১৮,২০৬/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৪)	১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ।	৫৭,১২৬/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৫)	স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাথ, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ।	১,২৮,০৫০/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৬)	শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ।	৮৭,০০৬/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৭)	শিখা অনিবার্ণের সম্মুখের ফুটপাথ, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ।	৭১,০২৯/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৮)	পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ।	৮৪,৬৪৩/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(৯)	সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ।	৫৪,৪৩৮/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(১০)	স্টাফ রোড হতে পূর্ব দিকে সম্মুখ স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সম্মুখ স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ।	৬৮,৪৯৫/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত

চলমান পাতা-১৫

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস্, ২০০৭ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(১১)	স্টীফ হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাথ, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ।	৩১,৭৮৯/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(১২)	সিএমএইচ হতে সিগন্যাল গেইট পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, ফুটপাথের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ।	৫৯,৭৪০/- টাকা	জনসাধারণের উন্নয়নমূলক খাত
(১৩)	রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানী হতে কোম্পানীর দরে ১৫০ গ্যালন সাদা এবং ৩০ গ্যালন হলুদ রোড মার্কিং পেইন্ট এবং জেনসলিন থিনার টি-৪ ৬০ গ্যালন ক্রয়করণ।	৩,৫৩,১০০/- টাকা	অনুদান
(১৪)	শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে মেশিনের সাহায্যে রোড মার্কিংকরণ।	১,৪২,৫৭১/- টাকা	অনুদান

ক্রমিক নং-১৩ এবং ১৪-তে উল্লেখিত প্রকল্পের চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। অবশিষ্ট প্রকল্পের জন্য দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩১বিবিধ (১) : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০বি নং প্লটের অভ্যন্তর হতে ৮.৫০ কাঠা জমি বিভাজনপূর্বক বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে জেনারেল আয়রন এন্ড স্টীল কোং (ঢাকা) লিঃ এর ২০ আগস্ট, ২০০৮ তারিখে আবেদনপত্র ও নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট, বাড়ী এবং ফ্ল্যাট হস্তান্তরের বিদ্যমান নীতিমালায় কোন প্লট বিভাজন করার বিধান না থাকায় আবেদনটি বিবেচনা করা গেল না।

৩১বিবিধ (২) : গত ৩০ জুলাই, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৪বিবিধ(৪) এর সিদ্ধান্তের অনুবৃত্তিগ্ৰহণ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৬(ছয়) টি কম্পিউটার নেটওয়ার্কের আওতায় আনার জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২১ আগস্ট, ২০০৮ তারিখে ০৩(তিন)টি দর পাওয়া যায়। তন্মধ্যে এডভেন্ট টেকনোলজি, তাহের টাওয়ার, ৩১৯-৩২১ (৩য় তলা), প্লট নং-১০, গুলশান-২, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ২৪,৮৫০/- (চব্বিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৬(ছয়) টি কম্পিউটার নেটওয়ার্কের আওতায় আনার জন্য এডভেন্ট টেকনোলজি, তাহের টাওয়ার, ৩১৯-৩২১ (৩য় তলা), প্লট নং-১০, গুলশান-২, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ২৪,৮৫০/- (চব্বিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। প্রশাসনিক শাখার নৈমিত্তিক খরচ খাত (ক-৫) হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩১বিবিধ (৩) : মিরপুর ডিওএইচএস এলাকায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের নিয়োগের মেয়াদ পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করার জন্য মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৫ আগস্ট, ২০০৮ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৫ আগস্ট, ২০০৮ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রের উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের নিয়োগের মেয়াদ পরবর্তী ০৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত আনসার নিয়োগের ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকুলান করতে হবে। ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।



চলমান পাতা-১৬

-৪৪ ১৬ ৪৪-

৩১বিবিধ (৪) : রজনীগন্ধা সুপার মার্কেটের ড্রেনসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পাদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে রজনীগন্ধা সুপার মার্কেট বাজার কমিটির সহযোগী সদস্যগণের ২৬ আগস্ট, ২০০৮ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেট বাজার কমিটির সহযোগী সদস্যগণের ২৬ আগস্ট, ২০০৮ তারিখের পত্রটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ড্রেনসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পন্ন করার জন্য নীতিগত অনুমোদন প্রদান করা হলো। আগামী বোর্ডসভায় মূল্যানুমান ও নকশা উপস্থাপন করা হোক।

৩১বিবিধ (৫) : স্বাধীনতা সরণি (জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়ক - মিরপুর সেকশন-১৪ এর সংযোগ সড়ক) এ্যাসফাল্ট প্র্যান্টের সাহায্যে কার্পেটিংকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, উক্ত রাস্তাটি ঢাকা সেনানিবাসের মধ্য দিয়ে সর্বসাধারণের অবাধ চলাচলের জন্য ব্যবহৃত হয়ে থাকে এবং বর্তমানে উক্ত রাস্তাটি অত্যন্ত জরীর্ণ অবস্থায় রয়েছে। যার ফলে জন ও যান চলাচলে মারাত্মক বিঘ্ন ঘটছে। সর্বসাধারণের ব্যবহার্য এ রাস্তাটি ঢাকা সিটি কর্পোরেশনের মাধ্যমে এসফাল্ট প্র্যান্টের সাহায্যে কার্পেটিং করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ঢাকা সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ হামিদুর রহমান)

সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।



(কর্ণেল এ বি এম তায়েজুল ইসলাম)

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।